

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১০৮

তারিখ: ২৬ চৈত্র ১৪২৯

০৯ এপ্রিল ২০২৩

বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-১৪৯৩৫/২০২২, ৪৬৭/২০২৩ এবং ১৩৫৯৬/২০২২) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ বেতন-ভাতার সরকারি অংশ বন্ধকরণ/সহকারী অধ্যাপক এবং জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতি প্রদান/জাতীয়করণের তালিকায় প্রভাষক পদে এডহক ভিত্তিতে অন্তর্ভুক্তকরণের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র.নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১	১৪৯৩৫/২০২২	মোসা. শামীমা আখতার, সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান), ইনডেক্স নং-AT-1111520 পবিত্রবাড় জুনিয়র স্কুল, পীরগাছা, রংপুর-এর বেতন-ভাতার সরকারি অংশ বন্ধকরণ।	মোসা. শামীমা আখতার, সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান), ইনডেক্স নং-AT-1111520 পবিত্রবাড় জুনিয়র স্কুল, পীরগাছা, রংপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৭ (সাত) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২	৪৬৭/২২৩	এমপিওভুক্তির ১৬ বছর সন্তোষজনক চাকরি পূর্তিতে সহকারী অধ্যাপক এবং জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতি প্রদান সংক্রান্ত।	জনাব মো. মাহবুবুর রহমান, প্রভাষক (কম্পিউটার), আগরপুর ডিগ্রি কলেজ, বাবুগঞ্জ, বরিশাল গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৪ (চার) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩	১৩৫৯৬/২০২২	জাতীয়করণের তালিকায় প্রভাষক পদে এডহক ভিত্তিতে অন্তর্ভুক্তকরণ।	জনাব মো. আব্দুর রব, প্রভাষক (রসায়ন), সরকারি বীরশ্রেষ্ঠ শহিদ হামিদুর রহমান ডিগ্রি কলেজ, মহেশপুর, ঝিনাইদহ গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মোট ০৫ (পাঁচ) জন।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-১৪৯৩৫/২০২২, ৪৬৭/২০২৩ এবং ১৩৫৯৬/২০২২) সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা

গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



৯-৪-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা
ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১০৮/১(৩)

তারিখ: ২৬ চৈত্র ১৪২৯


০৯ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা



৯-৪-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব